

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

রবিবার, এপ্রিল ১৯, ২০১৫

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
স্থানীয় সরকার বিভাগ  
উপজেলা-১ শাখা

প্রজ্ঞাপন

তারিখঃ ১৬ মার্চ ২০১৫

নং ৪৬.০৪৬.০২৭.০০.০০.০৬৫.২০১৫-৩০২—যেহেতু, জনাব এ কে এম আহসানুল তৈয়ব জাকির, চেয়ারম্যান, সোনাতলা উপজেলা পরিষদ, বগুড়া-এর বিরুদ্ধে পরিষদ বা রাত্নের স্বার্থের হানিকর কার্যকলাপে জড়িত থাকার অভিযোগে ১৮৬০ সালের দণ্ডবিধি ও ১৯০৮ সালের বিস্ফোরক দ্রব্য উপাদানাবলী আইনের আওতায় মামলা হওয়ায় এবং বিধি বহির্ভূতভাবে পলাতক থাকায় উপজেলা পরিষদ আইন, ১৯৯৮ [উপজেলা পরিষদ (সংশোধন) আইন, ২০১১ দ্বারা সংশোধিত]-এর ধারা ১৩(১)(খ) ধারা অনুযায়ী অপসারণের কার্যক্রম শুরু করা হয়েছে;

যেহেতু, জনাব এ কে এম আহসানুল তৈয়ব জাকির, চেয়ারম্যান, সোনাতলা উপজেলা পরিষদ, বগুড়া-এর বিরুদ্ধে ১৩(১)(খ) ধারা অনুযায়ী অপসারণের কার্যক্রম শুরু হওয়ায় তার দ্বারা উপজেলা পরিষদের ক্ষমতা প্রয়োগ জনস্বার্থের পরিপন্থী মর্মে সরকার মনে করে;

সেহেতু, উপজেলা পরিষদ আইন, ১৯৯৮ [উপজেলা পরিষদ (সংশোধনী) আইন, ২০১১ দ্বারা সংশোধিত]-এর ধারা ১৩(১)(খ) অনুসারে বগুড়া জেলার সোনাতলা উপজেলা পরিষদ চেয়ারম্যান জনাব এ কে এম আহসানুল তৈয়ব জাকিরকে সাময়িকভাবে বরখাস্ত করা হলো।

এ আদেশ জনস্বার্থে জারী করা হলো এবং অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

ড. জুলিয়া মঈন

সিনিয়র সহকারী সচিব।

মোঃ নজরুল ইসলাম (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।  
মুহাম্মাদ আল-আমীন (যুগ্মসচিব), উপপরিচালক, অতিরিক্ত দায়িত্ব, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,  
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। web site: www.bgpress.gov.bd

( ২৭৫৭ )

মূল্য : টাকা ৪.০০